

অবিরাম হাঁপানিতে আক্রান্ত নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের জন্য হোম ভিজিট

অ্যালার্জেন যেমন মারাত্মক জীব বা কীটপতঙ্গ (যেমন, ইঁদুর বা আরশোলা) এবং ছত্রাক অভ্যন্তরীণ বায়ুর গুণমান কে প্রভাবিত করে। এর ফলে হাঁপানির আক্রমণ হতে পারে অথবা হাঁপানির উপসর্গের অবস্থা আরও খারাপ হতে পারে। কীটপতঙ্গ ও ছত্রাক নির্মূল করলে হাঁপানি নিয়ন্ত্রণ করা যায়।

নিউ ইয়র্ক সিটির আইন অনুসারে বাড়ির মালিকদেরকে তাদের ঘরবাড়ি কীটপতঙ্গ ও ছত্রাক মুক্ত রাখতে হবে এবং ছিদ্র ও গর্ত বুজিয়ে রাখতে হবে।

যদি আপনি বা আপনার বাসচার অবিরাম হাঁপানি থাকে এবং আপনার বাড়িতে কীটপতঙ্গ ও ছত্রাক থাকে, তাহলে আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারী বিনামূল্যে বাড়ির পরিবেশ পরিদর্শনের অনুরোধ করতে পারে। আপনার অভিবাসন স্থিতি নির্বিশেষে আপনি এই পরিষেবাটি পেতে পারেন। আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারী বা হাঁপানির কেস ম্যানেজারের সাথে কথা বলুন আরও জানতে।

বাড়ির পরিবেশগত পরিদর্শন থেকে কী প্রত্যাশা করবেন

- নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য বিভাগের একজন পরিদর্শক আপনাকে ফোন করে আপনার সুবিধা মতো দিনে ও সময়ে ভিজিটের সময়সূচি নির্ধারণ করবেন।
- পরিদর্শক কীটপতঙ্গ এবং ছত্রাক এবং তাদের ফলে যে সমস্যার সৃষ্টি হয় সেগুলি সন্ধান করবেন।
- যদি সমস্যা দেখা যায়, তাহলে পরিদর্শক বাড়ির মালিককে সেগুলি ঠিক করার আদেশ দেবেন। কোনও প্রয়োজনীয় মেরামত করার জন্য বিন্ডিংয়ের মালিকের কাছে 21 দিনের সময় থাকবে।
- 21 দিন পরে, সমস্যার সমাধান হয়েছেন কিনা তা দেখতে স্বাস্থ্য বিভাগের পরিদর্শক আপনার বাড়িতে আবার আসবেন।
- যদি বাড়ির মালিক সমস্যাগুলি সমাধান সম্পূর্ণ করেন নি কিন্তু কাজ চলছে এমন হয় তাহলে মেরামত করতে আরও সময় দেওয়া হবে।
- যদি বাড়ির মালিক সমস্যার সমাধান না করে, তাহলে স্বাস্থ্য বিভাগ সমন জারি করতে পারে, যার ফলে জরিমানা দিতে হতে পারে। সিটি জরুরি মেরামত করে দিতে পারে ও এই কাজের বিল বাড়ির মালিককে পাঠাতে পারে।

আরও তথ্যের জন্য nyc.gov/health এ যান এবং
Healthy Neighborhoods Program সন্ধান করুন
বা **646-632-6023** নম্বরে কল করুন।

